

গোলটেবিল বৈঠকে
বক্তাদের অভিমত

চঃ বিঃ'র সংকটের জন্য ভিসি প্রোভিসির
রাজনৈতিক চিন্তাপ্রসূত ভূমিকা দায়ী

চঃ বিঃ রিপোর্টার : টানা ৫ ঘন্টাব্যাপী অনুষ্ঠিত গোলটেবিল বৈঠকেও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সংকট নিরসনের সুনির্দিষ্ট কোনো পথ আবিষ্কার করা সম্ভব হয়নি। সুদীর্ঘ প্রায় আড়াই মাসের অচলাবস্থা নিরসনের আশায় গতকাল সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত চট্টগ্রাম চেম্বার মিলনায়তনে এই গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। চঃ বিঃ সাংবাদিক সমিতির উদ্যোগে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট ও সমাধানের উপায়" শীর্ষক বৈঠক পরিচালনা করেন একুশে পদকপ্রাপ্ত বিজ্ঞানী প্রফেসর ডঃ জামাল নজরুল ইসলাম। বৈঠকে বিভিন্ন বক্তা বর্তমান সংকটের জন্য ভিসি ও প্রোভিসির রাজনৈতিক চিন্তাপ্রসূত পক্ষপাতদুষ্ট ভূমিকাই দায়ী বলে অভিমত ব্যক্ত করেন এবং ভিসি-প্রোভিসির প্রতি অনাস্থা জ্ঞাপন করেন। তারা বলেন, বর্তমান ভিসি-প্রোভিসি সরাসরি দলীয়

কর্মীর ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। তারা সন্ত্রাসীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেননি। ৫৪ জন নিরীহ ছাত্রকে মুক্তি দিয়ে সংকট নিরসনের জন্য বিভিন্ন মহলের অনুরোধও রক্ষা করেননি। যেভাবে বিশ্ববিদ্যালয় চলছে তাতে এই ভিসি-প্রোভিসির সম্মানে পদত্যাগ করা উচিত। এর জবাবে ভিসি প্রফেসর আবদুল মান্নান কোন সুনির্দিষ্ট বক্তব্য দেননি। তিনি তার আন্তরিকতা ও প্রচেষ্টা অব্যাহত আছে উল্লেখ করে সংকট নিরসনে সকলের সহযোগিতা কামনা করেন। গোলটেবিল বৈঠকে বিশ্ববিদ্যালয়ের ভিসি-প্রোভিসিসহ প্রশাসনের সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক, সিনিয়র শিক্ষক, চাকসু ও বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতিনিধিবর্গকে আমন্ত্রণ জানানো হয়। কিন্তু বৈঠকে প্রোভিসি ডঃ আবু ইউসুফ, প্রোভিসি ডঃ গাজী সালেহ উদ্দিন ও ছাত্রলীগ নেতৃবৃন্দ উপস্থিত হননি।

এছাড়া ছাত্রদল ও শিবির নেতৃবৃন্দসহ প্রায় অর্ধশতাধিক শিক্ষক, প্রাক্তন ছাত্র ও ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এর মধ্যে ভিসি প্রফেসর আবদুল মান্নান, সাবেক প্রোভিসি ডঃ এম বদিউল আলম, সিনিয়র শিক্ষক ডঃ ইউসুফ শরীফ আহমেদ খান, প্রফেসর ফজলী হোসেন, ডঃ শামসুদ্দিন, ডঃ সিদ্দিক আহমেদ চৌধুরী, ডঃ মুনির আহমেদ চৌধুরী, ডঃ সৈয়দ মোহাম্মদ আতহার, ডঃ সৌরেন বিশ্বাস, অধ্যাপক সৈয়দ আহসানুল আলম পারভেজ, ডঃ মোহিত উল আলম, কাজী মোস্তাইন বিল্লাহ, ডঃ সালেহ উদ্দিন, প্রফেসর ইমাম আলী, ডঃ মোঃ লোকমান, ডঃ আহমদ ফজলে হাসান চৌধুরী, সাবেক প্রোভিসি ডঃ তোহিদ ওসমান খান ও অধ্যাপক আবুল কাশেম চৌধুরী, চেম্বার সভাপতি কামাল উদ্দিন আহমদ, অধ্যাপক আবদুন নূর, ডঃ